গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
(পরিকল্পনা উইং)
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

**যুব উন্নয়ন অধিদপ্তরের নভেম্বর ২০২৫ মাসের প্রকল্প পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি : ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১)

তারিখ : ২৩.১১.২০২৫ খ্রি.

সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্র: নং | নাম ও পদবী | দপ্তর/ প্রকল্পের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব এম এ আখের, পরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক | টেকাব (২য় পর্ব) ও ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ (২য় পর্ব) প্রকল্প | স্বাক্ষরিত |
| ০২. | জনাব কাজী মোখলেছুর রহমান, (যুগ্মসচিব) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক | Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প | ” |
| ০৩. | জনাব মোঃ মাসুদুর রহমান বিশ্বাস (উপসচিব) পরিচালক (পরিকল্পনা) | যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ০৪. | জনাব একেএম মফিজুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ) ও প্রকল্প পরিচালক | ইমপ্যাক্ট ৩য় পর্যায় প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ০৫. | জনাব মোঃ সেলিম খান অধ্যক্ষ ও প্রকল্প পরিচালক | কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ” |
| ০৬. | জনাব মোঃ সেলিমুল ইসলাম, উপপরিচালক(প্রশাসন) ও প্রকল্প পরিচালক | ফিজিবিলিটি স্টাডি প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ০৭. | জনাব মোঃ আতিকুর রহমান প্রকল্প পরিচালক | এ আই প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ০৮. | জনাব মোঃ শাহীনুর রহমান, উপপরিচালক (পরিকল্পনা-১) | যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ০৯. | জনাব হেলেনা আফরোজ ডেপুটি কো-অর্ডিনেটর | যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ১০. | জনাব নাজমুল, সহকারী পরিচালক (পরিকল্পনা-২) | যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ১১. | জনাব মোঃ শওকত আলী , সহকারী পরিচালক (পরিকল্পনা-১) | যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ১২. | জনাব মোঃ শফিকুল ইসলাম, প্রশিক্ষক (কম্পিউটার) | যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ১৩. | জনাব মোঃ ফজলুর রহমান প্রশাসনিক কর্মকর্তা কাম হিসাবরক্ষক | ‘৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর | ” |

৩.০ উপস্থাপনা:

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে ২০২৫-২০২৬ অর্থবছরের নভেম্বর ২০২৫ মাসের প্রকল্প পর্যালোচনা সভার কার্যক্রম শুরু করেন। পরিচালক (পরিকল্পনা) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপনের নিমিত্ত উপপরিচালক (পরিকল্পনা-১) কে আহবান জানান। সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরিত গত ১৪ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত প্রকল্প পর্যালোচনা সভার অনুমোদিত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়।

৩.১ সভায় উপপরিচালক (পরিকল্পনা-১) উপস্থাপন করেন যে, ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে যুব উন্নয়ন অধিদপ্তরের মোট ০৯টি উন্নয়ন প্রকল্পের বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে এবং তিনি আরো উল্লেখ করেন গত ২৭ অক্টোবর ২০২৫ তারিখে “তথ্যপ্রযুক্তি

জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন" প্রকল্পটি প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। তিনি উল্লেখ করেন যে, বর্ণিত প্রকল্পসমূহের অনুকূলে মোট এডিপি বরাদ্দ ১২৭৩৮২.০০ লক্ষ টাকা। আলোচ্য অর্থবছরের অক্টোবর ২০২৫ মাস পর্যন্ত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দের বিপরীতে ব্যয়কৃত অর্থের পরিমাণ ৫৫৩৩.৮৩ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৪.৩৪%।

৩.২ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভায় প্রকল্পভিত্তিক অগ্রগতির বিস্তারিত আলোচনা শুরু করা হয়। যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন চলমান এডিপিতে অন্তর্ভুক্ত ০৯টি প্রকল্পের অক্টোবর ২০২৫ পর্যন্ত সময়ে ধারাবাহিকভাবে প্রকল্পসমূহের অগ্রগতি উপস্থাপন করা হয়।

ক) ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি বরাদ্দ ও ব্যয়:

(লক্ষ টাকায়)

| নং | মোট প্রকল্প | এডিপি বরাদ্দ | ব্যয় (শতকরা হার) |
|---|---|---|---|
| ০১. | ০৯টি | ১২৭৩৮২.০০ | ৫৫৩৩.৮৩<br>৪.৩৪ % |

চলমান প্রকল্প

| নং | প্রকল্পের নাম | আর্থিক অগ্রগতি (লক্ষ টাকায়) | |
|---|---|---|---|
| | | বরাদ্দ | ব্যয় (%) |
| ০১ | দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত) | ৩৪০০.০০ | - |
| ০২ | টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজড রুরাল পিপল অব বাংলাদেশ (২য় পর্যায়) | ১৪০০.০০ | ৩২৮.০৫<br>২৩.৪৩% |
| ০৩ | Life Skills Education in Youth Training Center & SNYP Project | ১৪১.০০ | - |
| ০৪ | Economic Acceleration and Resilience for NEET (EARN)) | ১০৫৩৬৪.০০ | ২৮৩.৯১<br>০.২৬৯% |
| ০৫ | Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC) | ৩৬৬৮.০০ | ১৮২৯.৪৭<br>৪৭.৩০% |
| ০৬ | ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি' | ১৩৩.০০ | ১১.৩৭<br>৮.৫৫ % |
| ০৭ | কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ১৩৩৮.০০ | ৩৩২.৮৮<br>২৪.৮৮ % |
| ০৮ | ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)" | ১১৬০.০০ | ২৬৮.৯৫<br>২৩.১৯% |
| ০৯ | দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি | ১০৫৭৮.০০ | ২৪৭৯.২০<br>২৩.৪৪% |
| | সর্বমোট= | ১২৭৩৮২.০০ | ৫৫৩৩.৮৩<br>৪.৩৪% |

৪. অতঃপর উপস্থিত প্রকল্প পরিচালকবৃন্দকে সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে স্ব-স্ব প্রকল্পভিত্তিক বিস্তারিত আলোকপাত করার জন্য আহবান জানানো হয়।

৪.১ আলোচনা ও গৃহিত সিদ্ধান্তসমূহ:

| নং | প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজড রুরালপিপল অব বাংলাদেশ (২য় পর্যায়) প্রকল্প | পরিকল্পনা কমিশনের অনুমোদন সাপেক্ষে প্রকল্পের আরডিপিপি সংশোধন পূর্বক ১৭-১১-২০২৫খ্রি. তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণের নিমিত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের গুণগতমান বজায় রেখে | (১) প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রমের অগ্রগতির সচিত্র প্রতিবেদন এ অধিদপ্তরে দাখিল করতে হবে।<br><br>(২) ২০২৫-২৬ অর্থ বছরের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজনীয় উদ্যোগ ও |

| | | | |
|---|---|---|---|
| | বাস্তবায়ন: জানুয়ারি ২০২২ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৫০৮০.০০ | প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করার প্রচেস্টা অব্যাহত মর্মে সভাকে জানানো হয়।<br>২০২৫-২৬ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত সমুদয় অর্থ যথাযথভাবে শতভাগ ব্যয় করার প্রচেস্টা থাকবে।<br>(ঘ) মাঠ পর্যায়ে প্রকল্পের প্রশিক্ষণ কাজের অগ্রগতি এ অধিদপ্তরের কর্মকর্তাসহ প্রকল্প পরিচালক ও প্রকল্পের পিআইইউই কর্মকর্তাগণ নিয়মিতভাবে সরেজমিন পরিদর্শন এবং তদারকী করা হয়। | কাঠামোগত ব্যবস্থা গ্রহণকরত: পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। |
| ২ | দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত)<br>বাস্তবায়ন: জুলাই ২০২১ হতে জুন ২০২৭ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ২৬০৮৫.০০ | প্রকল্পটি পরিকল্পনা কমিশনের অনুমোদনের পর গত ২৭.১০.২০২৫খ্রি. তারিখে প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। সংশোধিত ডিপিপির আলোকে কার্যক্রম বাস্তবায়নের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।<br><br>কর্মপরিকল্পনা অনুযায়ী এডিপি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে প্রতি মাসে অগ্রগতির উপর মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে নিয়মিত জুম মিটিং করা হচ্ছে এবং পরবর্তী মাসের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ দেয়া হচ্ছে। | (১) প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রমের অগ্রগতির সচিত্র প্রতিবেদন প্রতিমাসের অগ্রগতির সাথে পরিকল্পনা উইং-এ প্রেরণ করা যেতে পারে।<br>(২) প্রকল্পের অর্থ ছাড়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।<br>(৩) প্রকল্পের মাঠ পর্যায়ের অগ্রগতির তথ্যের মাধ্যমে ১ (এক) মিনিটের নাতিদীর্ঘ ভিডিও তৈরির প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে। |
| ৩ | LYTC & SNYP Project<br>বাস্তবায়ন: ১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৫০৬.০০ | বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে UNFPA এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষ্যে কার্যক্রম শুরু করা হবে।<br><br>প্রকল্পের কার্যক্রমের তথ্য চিত্র ও প্রমাণক সংরক্ষণ করা হবে। | (১) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে যথাযথ ব্যবস্থা নেওয়া যেতে পারে।<br>(২) প্রকল্পের আওতায় তৈরিকৃত ডাটাবেজ সফটওয়ারের নিবন্ধিত/ এন্ট্রিকৃত সংগঠনের প্রতিবেদন পরিকল্পনা উইং-এ প্রেরণ নিশ্চিত করতে হবে। |
| ৪ | Economic Acceleration and Resilience for NEET (EARN)) Project<br>বাস্তবায়ন: ০১.০৭.২০২৩হতে ৩১.১২.২০২৮ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৩৩৪৮০০.০০ | ২০২৫-২৬ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ ব্যায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। এই অর্থবছরে মোট এডিপি বরাদ্দ ১০৫৩৬৮.০০ লক্ষ টাকা। এর মধ্যে অক্টোবর ২০২৫ পর্যন্ত ব্যায় হয়েছে ২৮৮.১৮ লক্ষ টাকা।<br><br>সার্ভিস প্রোভাইডার নিয়োগ কার্যক্রম দ্রুত সময়ে শেষ করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে। ইতোমধ্যে প্রাপ্ত RPA সমূহ মূল্যায়নপূর্বক বিশ্বব্যাংকে পাঠানো হলে বিশ্বব্যাংক কিছু পর্যবেক্ষণ দিয়েছে সেগুলো পর্যালোচনা করে মূল্যায়নপূর্বক বিশ্বব্যাংকের অনুমোদনের জন্য পাঠানোর কার্যক্রম চলমান রয়েছে। | (১) প্রকল্পের কম্পোনেন্ট ভিত্তিক অগ্রগতির তথ্য পরিকল্পনা উইং-এ প্রেরণ করা যেতে পারে।<br>(২) সার্ভিস প্রোভাইডার নিয়োগ কার্যক্রম দ্রুত সময়ে শেষ করে প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জন বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা সমীচীন হবে।<br>(৩) প্রকল্প হতে মাঠ পর্যায়ে বিতরণকৃত মালামাল যথাযথভাবে ব্যবহার ও সংরক্ষণের লক্ষ্যে নির্দেশনা প্রদান করতে হবে। |
| ৫ | Leaving No One Behind Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar. Bangladesh (ISEC) Project<br>বাস্তবায়ন: জুন ২০২৩ হতে ৩০ নভেম্বর ২০২৫ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ১৭৬৮৮.০০ | এডিপি'তে বরাদ্দকৃত অর্থ ১০০% ব্যয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।<br><br>প্রকল্পের বিগত বছরের প্রকৃত ব্যয় যথাযথভাবে হিসেব করে বাকী অর্থ আরএডিপিপি'তে প্রস্তাব করা হয়েছে। | (১) প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ধারাবাহিকভাবে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>(২) সকল কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকৃত প্রকল্পসমূহের অগ্রগতির সচিত্র প্রতিবেদন পরিকল্পনা উইং-এ প্রেরণ নিশ্চিত করতে হবে। |
| ৬ | ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি' প্রকল্প<br>বাস্তবায়ন:০১.০৭.২০২৩ হতে ৩০.০৬.২০২৬ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪৯৮.০০ | ২০২৫-২৬ অর্থবছরে এডিপি'তে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা হবে।<br>২০২৫-২৬ অর্থ বছরে ৫০(পঞ্চাশ) কোটি টাকার উর্দ্ধে অননুমোদিত (সবুজ পাতা) তালিকার প্রকল্পগুলোর সম্ভাব্যতা যথাসময়ে সমীক্ষা সম্পন্ন করা হবে। | (১) প্রকল্পের সার্বিক কার্যক্রম ধারাবাহিকভাবে বাস্তবায়ন করা যেতে পারে।<br>(২) প্রকল্পের অগ্রগতির তথ্য পরিকল্পনা উইং-এ প্রেরণ নিশ্চিত করতে হবে। |
| ৭ | কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প<br>বাস্তবায়ন: ডিসেম্বর ২০২৩ হতে জুন ২০২৭ পর্যন্ত | ২০২৫-২০২৬ অর্থবছরের প্রকল্পের নির্ধারিত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার প্রচেস্টা চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরের ন্যায় ২০২৫-২০২৬ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণ ব্যয় করা সম্ভব হবে।<br>প্রকল্পের অগ্রগতির প্রমাণক হিসাবে পূর্বের কাজের চিত্র ও | (১) কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের নাম পরিবর্তিত হয়ে 'যুব উন্নয়ন একাডেমি' হওয়ায় এই প্রকল্পের নামের সাথে ব্র্যাকেটে যুব উন্নয়ন একাডেমি হিসেবে প্রতিস্থাপন করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | প্রাক্কলিত ব্যয়: ২৬৬৬.৬৪ | বর্তমান কাজের চিত্র যথাযথভাবে সংগ্রহ করা হচ্ছে।<br>কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। অক্টোবর ২০২৫ পর্যন্ত সর্বমোট ১২১২জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যথা সময়ে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হবে। | (২) প্রকল্পের অগ্রগতির তথ্য ও প্রমানক যথাযথভাবে সংরক্ষণ এবং পরিকল্পনা উইং-এ প্রেরণ করতে হবে। |
| ৮ | ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)" প্রকল্প<br>বাস্তবায়ন: নভেম্বর ২০২৩ হতে অক্টোবর ২০২৬ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪৩৮৪.০০ | প্রকল্পের আওতায় ৫টি ট্রেডের (কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন, প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন, ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং, ইলেকট্রনিক্স এবং রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) প্রকল্প মেয়াদে প্রশিক্ষণের (উপকারভোগী) লক্ষ্যমাত্রা ৭১৫৮০ জন। ইতোমধ্যে সেপ্টেম্বর, ২০২৫ পর্যন্ত প্রশিক্ষণের (উপকারভোগী) অগ্রগতি ৪৭২৩১ জন (৬৫.৯৮%)। প্রকল্প মেয়াদে প্রশিক্ষণের (উপকারভোগী) লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% অর্জন সম্ভব হবে।<br>২০২৫-২৬ অর্থ বছরে এডিপি'তে বরাদ্দকৃত অর্থ কর্মপরিকল্পনা অনুযায়ী ৩০ জুন, ২০২৬ এর মধ্যে শতভাগ ব্যয় করা সম্ভব হবে।<br>বর্ণিত প্রকল্পের প্রশিক্ষণের গুণগতমান বজায় রাখার স্বার্থে প্রকল্প থেকে ৬৪টি জেলায় কম্পিউটারসহ অন্যান্য কারিগরি বিষয়ক ৩ ট্রেডের (ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স ও রেফ্রিজারেশন) সরবরাহকৃত কম্পিউটার (সি.পি.ইউ, মনিটর, ইউপিএস, প্রিন্টার), আসবাবপত্র (কম্পিউটার টেবিল, টেবল্ড চেয়ার, ল্যাব চেয়ার, স্টীলের আলমিরা) এবং প্রশিক্ষণ যন্ত্রপাতি (ল্যাপটপ, স্ক্যানার, স্প্লীট টাইপ এয়ারকুলার (ক্লাসরুমের জন্য), এলইডি ডিসপ্লে) সঠিকভাবে ব্যবহার এবং রেজিষ্টারে সংরক্ষণ ও মালামালভিত্তিক অমোচনীয় কালি দিয়ে চিহ্নিত করতে হবে মর্মে মাঠ পর্যায়ে কয়েক দফায় পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, টাংগাইল, বগুড়া, জামালপুর, শেরপুর, ময়নসিংহ, কক্সবাজার, নীফামারী, লালমনিরহাট, নওগাঁ, রাজশাহী, রংপুর, চাঁপাইনবাবগঞ্জ, সিলেট, চট্টগ্রাম ও কুমিল্লা জেলার কম্পিউটার ল্যাবসহ অন্যান্য কারিগরি বিষয়ক প্রশিক্ষণ কেন্দ্র ডিসেম্বর, ২০২৪ হতে পর্যায়ক্রমে মনিটরিং করা হচ্ছে এবং প্রকল্প পরিচালক মহোদয় মাঠ পর্যায়ে টেলিফোনে উপপরিচালকগণের সাথে যোগাযোগ রাখছেন। ইতোমধ্যে প্রকল্প মধ্যবর্তী মূল্যায়ন কমিটি (যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, আইএমইডি, পরিকল্পনা কমিশন ও অধিদপ্তরের প্রতিনিধি) দ্বারা পরিদর্শনের কাজ চলমান রয়েছে। | (১) প্রকল্পের বাস্তব অগ্রগতির বিস্তারিত তথ্য পরিকল্পনা উইং-এ প্রদান নিশ্চিত করতে হবে।<br><br>(২) প্রকল্প মেয়াদে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণকরত: এ অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে এবং পরবর্তী সভায় তা উপস্থাপন করতে হবে। |
| ৯ | দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প<br>বাস্তবায়ন: জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ২৯৯৯৯.০০ | ২০২৫-২৬ অর্থবছরে এডিপি'তে বরাদ্দকৃত অর্থ বিধিসম্মত ভাবে শতভাগ ব্যয় করা সম্ভব হবে।<br>প্রশিক্ষণ সমাপ্ত হওয়া প্রশিক্ষণার্থীদের আয়ের প্রমাণক সংরক্ষণ করা হয়।<br>প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম তদারকি জোরদার করা হয়েছে। | (১) প্রকল্পের মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রম তদারকি জোরদার করাসহ অর্জিত ফলাফলের সচিত্র প্রতিবেদন এ দপ্তরে দাখিল করতে হবে।<br>(২) শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। |
| ১০ | তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রকল্প<br>বাস্তবায়ন: অক্টোবর ২০২৫ হতে সেপ্টেম্বর ২০২৭ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪৬৩৫.৫০ | গত ২৭/১০/২০২৫ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারী করা হয়। প্রকল্পের কার্যক্রম দ্রুত শুরু করার লক্ষ্যে শীঘ্রই REoI আহবান করা হবে। REoI প্রস্তুতির কাজ চলমান রয়েছে। | (১) প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী মাঠ পর্যায়ের কার্যক্রম দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে আশু এ অধিদপ্তরকে অবহিত করতে হবে। |

৪.১০ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত সঠিক প্রতিবেদন প্রতি মাসের প্রথম ২ (দুই) কর্মদিবসের মধ্যে পরিকল্পনা উইংএ প্রেরণ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৫.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৭.১১.২০২৫

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোনঃ ০২-২২৩৩৮৯৩৮৯
dg@dyd.gov.bd

নং- ৩৪.০১.০০০০.০২৫.০৮.০৬.২০১৯- ১৪৪

তারিখঃ ১২ অগ্রহায়ন ১৪৩২
২৭ নভেম্বর ২০২৫

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: যুগ্ম সচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়)।
০২. পরিচালক ........................................................................ (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩. প্রকল্প পরিচালক, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪. প্রকল্প পরিচালক, টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকার ২য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫. প্রকল্প পরিচালক, Life Skills Education in Youth Training Center and Strengthening of National Youth Platform' প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৬ প্রকল্প পরিচালক, Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৭. প্রকল্প পরিচালক, Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC) Project, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮. প্রকল্প পরিচালক, 'ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি' শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৯. প্রকল্প পরিচালক, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, '৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১১. প্রকল্প পরিচালক, দেশের ৪৮টি জেলায় 'শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক, তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১. প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০২. মহাপরিচালক (গ্রেড-১), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
০৩. পরিচালক (পরিকল্পনা), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
০৪. সংশ্লিষ্ট নথি।

২৭.১১.২০২৫

(মোঃ মাসুদুর রহমান বিশ্বাস)
পরিচালক (উপসচিব)
(পরিকল্পনা উইং)
ফোনঃ ০২-২২৩৩৮০৭৬১
ইমেইলঃdirplnning@dyd.gov.bd